

10 APR 2003
9

সংবাদ
ইতিহাস



আইআইইউসি'র কুমিল্লা ক্যাম্পাসে ওরিয়েন্টেশন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন ডাইস চ্যান্সেলর প্রফেসর ড. একেএম আজহারুল ইসলাম

নৈতিকতা ও আধুনিকতার সমন্বয়ে আইআইইউসি মানসম্পন্ন শিক্ষা দান করছে

.....ডিসি ড. ইসলাম চট্টগ্রাম ব্যারো : আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি)-এর ডাইস চ্যান্সেলর প্রফেসর ড. একেএম আজহারুল ইসলাম বলেছেন, আইআইইউসি একটি কল্যাণমুখী বিশ্ববিদ্যালয় দেশের সুযোগ্য নাগরিক গড়ে তোলার জন্য আইআইইউসি উপযুক্ত শিক্ষা প্রদান করছে। যুগের কল্যাণকর চাহিদা অনুসারে আইআইইউসিতে প্রযুক্তিনির্ভর শিক্ষা ও প্রশাসনিক কার্যক্রমকে সর্বত্র সম্প্রসারণ করা হয়েছে। প্রধান অতিথির বক্তব্যে ডাইস চ্যান্সেলর প্রফেসর ড. একেএম আজহারুল ইসলাম বলেন, এক স্ব-শিক্ষা-বিক্ষুত বিশ্ব পরিস্থিতিতে এই ওরিয়েন্টেশন অনুষ্ঠান। ওরিয়েন্টেশন অনুষ্ঠান হচ্ছে গৃহ প্রবেশ বা খিনাশীটে প্রবেশের অনুষ্ঠান। নৈতিকতা ও আধুনিকতার সমন্বয় সাধন করে আইআইইউসি একটি মানসম্পন্ন শিক্ষা দান করে যাচ্ছে। বিশ্ববিদ্যালয়ের এ কল্যাণমুখী প্রচেষ্টার মাধ্যমে ডিসি ছাত্রছাত্রী এবং অভিভাবকদেরকে সম্পূর্ণ হওয়ার আহবান জানান।

গত শনিবার আইআইইউসি'র ছাত্রবিষয়ক বিভাগ আয়োজিত কুমিল্লা ক্যাম্পাসে নবাগত ছাত্রছাত্রীদের ওরিয়েন্টেশন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ডাইস চ্যান্সেলর এ অভিনন্দন ব্যক্ত করেন। ছাত্রবিষয়ক বিভাগের পরিচালক ড. এম ওবায়দুল্লাহ সজাপতি, অধ্যক্ষ এ. আফজাল হোসেন বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। আইআইইউসি'র প্রো-ডাইস চ্যান্সেলর প্রফেসর ড. আবু বকর বকিল আয়োচনায় অংশগ্রহণ করেন। আধুনিক বিজ্ঞান অনুশনের ডীন প্রফেসর ড. মোঃ নূরুজ্জামান ইসলাম, প্রশাসনিক বিভাগের ডীন প্রফেসর ড. হাফিজুর রশিদ, কুরআনিক সায়েন্স এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগের চেয়ারম্যান গিয়াসউদ্দিন তালুকদার, দাওরাহ এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগের চেয়ারম্যান ড. কুতুবুল ইসলাম নূমানী এবং আইসি বিভাগের চেয়ারম্যান ড. এম মাহবুবুল ইসলাম।